

22 Oct, 2018

## ‘বুলিং’ বিষয়ে সচেতনতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ক্যাম্পেইন

শিক্ষার্থীদের ‘বুলিং’ বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও অন্যের প্রতি শ্রদ্ধাশীল আচরণে উদ্বুদ্ধ করতে দিনব্যাপী ক্যাম্পেইনের আয়োজন করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

রোববার সাভারে বিশ্ববিদ্যালয়ের আবাসিক ক্যাম্পাসে এই ক্যাম্পেইনের আয়োজন করা হয় বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

এতে বলা হয়, ‘সম্মান নিজের ও অন্যের প্রতি’ প্রতিপাদ্য নিয়ে আয়োজিত এই ক্যাম্পেইনের মূল উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদের বুলিং সংক্রান্ত মনস্তাত্ত্বিক বিষয় জানা, ভুক্তভোগীদের সঙ্গে সহানুভূতিশীল আচরণ ও সমাজের সর্বস্তরে বুলিংবিরোধী সচেতনতা তৈরি করা।

অনুষ্ঠানে বুলিং বন্ধে বাবা-মাদের আরও সচেতন হওয়ার আহ্বান জানিয়ে ড. মেহতাব খানম বলেন, “বুলিং প্রতিরোধে সবার প্রথমে পরিবারে ভালো সংস্কৃতির ওপর জোর দিতে হবে। অনেক বাবা-মা শিশুদের কথা না শুনেই নিজেদের মতামত প্রদান করে থাকেন। তারা শিশুদের পছন্দ-অপছন্দ গুরুত্ব দেন না। এতে ওই শিশুটিও বড় হয়ে অন্যের মতামতকে গ্রাহ্য করে না।”

অনুষ্ঠানে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগের চেয়ারপারসন জয়নব ফারুকী আলী, ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথের অ্যাসোসিয়েট প্রফেসর হেলালউদ্দিন আহমদ, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাভার আবাসিক ক্যাম্পাসের সুপারিনটেনডেন্ট রেহান আহমেদ, অফিস অফ কো-কারিকুলার অ্যাকটিভিটিজের ডিরেক্টর দিলার আফরোজ খান, বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ এডুকেশনালের সহকারী অধ্যাপক নিশাত ফাতিমা রহমানসহ কাউন্সিলিং ইউনিটের শিক্ষকরা উপস্থিত ছিলেন।